

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি-২ অধিশাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং-০৭.০০.০০০০.১৭২.৩৩.০০৫.১৩-৪৭

তারিখঃ ২০ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ  
০৩ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ বিষয়ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণ পরিচালনার জন্য সম্মানী ও ভাতা প্রদানের বিষয় স্পষ্টীকরণ।**

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ১৫-০৩-২০১৬ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৩.০০৫.১৩-৩৬ নং স্মারকের আলোকে বিষয় ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণের জন্য সম্মানী ও ভাতা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনায় নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- ক) মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তর কর্তৃক শুধু নিজ নিজ দপ্তরের কর্মচারীদের বিষয়ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) এর জন্য উল্লিখিত স্মারকটি প্রযোজ্য;
- খ) মাঠ পর্যায়ের কর্মচারীদের জন্য সদর দপ্তর কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ক্ষেত্রে উক্ত স্মারক প্রযোজ্য হবেনা;
- গ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রতিষ্ঠানের কর্মচারীদের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) আয়োজন করা হলে স্মারকটি প্রযোজ্য হবে। কিন্তু প্রশিক্ষণ প্রতিষ্ঠানের বিধিবদ্ধ প্রশিক্ষণ কোর্সসমূহের জন্য স্মারকটি প্রযোজ্য হবে না;
- ঘ) প্রশিক্ষণের ব্যাপ্তিকাল দিনব্যাপী না হলে উল্লিখিত স্মারক অনুযায়ী প্রশিক্ষণ ভাতার প্রাপ্যতা অর্জিত হবেনা;
- ঙ) কোন দপ্তর কর্তৃক মাঠপর্যায়ের কর্মচারীদের জন্য বিধিবদ্ধ পেশাগত প্রশিক্ষণ কর্মসূচীর ক্ষেত্রে স্মারকটি প্রযোজ্য হবে না;
- চ) প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কর্মসূচীর ক্ষেত্রে উল্লিখিত স্মারক প্রযোজ্য হবে না; এবং
- ছ) প্রশিক্ষণে প্রতিটি সেশনের সময়কাল হবে ০১ (এক) ঘন্টা বা তদুর্ধ্ব।

  
(মোঃ গোলাম মোস্তফা)

উপ-সচিব

ফোনঃ ৯৫১৪৪৮৭

ই-মেইল: [gmostofa@finance.gov.bd](mailto:gmostofa@finance.gov.bd)

**বিতরণ:**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বাংলাদেশ মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব------(সকল)। মন্ত্রণালয়/বিভাগ। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

-২-

- ৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কাযালয়, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। বিভাগীয় কমিশনার------(সকল)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। কন্টোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ ভবন, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক------(সকল বিভাগ)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ------(সকল)।
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ১২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ১৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ ------(সকল)।
- ✓ ১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, তাঁকে অফিস স্মারকটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১৫। অফিস কপি।